

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়  
বান্দরবান পার্বত্য জেলা  
(দ্রাণ ও পুনর্বাসন শাখা)  
www.bandarban.gov.bd

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২৩.২৩. ১২৪

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯  
০২ মার্চ ২০২৩

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় পৌরসভাওয়ারী ২য় কিস্তির নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর পত্র নম্বর: ৫১.০১.০০০০.০১২.১৪.০০৮.২২.২৪; ১৭ জানুয়ারি ২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) কর্মসূচীর আওতায় সূত্রে বর্ণিত স্মারক মূলে ২য় কিস্তিতে নিম্নবর্ণিত পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ গত ২৩/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত “জেলা কর্ণধার” কমিটির সভায় অনুমোদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত এবং টিআর নির্দেশিকা-২০২১ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত পৌরসভার পার্শ্বে উল্লেখিত পরিমাণ নগদ অর্থ সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো এবং উপ-বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

ক্রমিক	পৌরসভার নাম	২য় পর্যায়ে উপ-বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ (টাকা)	অনুমোদিত প্রকল্প সংখ্যা
১	২	৩	৪
০১	লামা পৌরসভা	৩,৮৮,৪৭৮.৪৬	০৩ টি
	মোট=	৩,৮৮,৪৭৮.৪৬	০৩ টি

শর্তসমূহ :

- (০১) বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১-০৩-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (০২) এ কর্মসূচীর নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান, টিআর নির্দেশিকা- ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
- (০৩) এ কর্মসূচীর প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচীর নির্দেশিকার ৪ নম্বর অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (০৪) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (০৫) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- (০৬) বাস্তবায়নামূলক প্রকল্প এলাকার(পৌরসভা) নির্বাচিত কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- (০৭) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;
- (০৮) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করাসহ অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (০৯) বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দণ্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে;
- (১০) জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে ‘ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন’ প্রকল্প গ্রহণ করা যাবে’
- (১১) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;

চলমান পাতা-০২

- (১২) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;  
(১৩) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;

সংযুক্তি : অনুমোদিত প্রকল্পের তালিকা ০১ ফর্দ।

স্বা-

মো: ছাইফুল্লাহ মজুমদার  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
জেলাপ্রশাসকের পক্ষে  
বান্দরবান পার্বত্য জেলা।  
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫  
টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯  
email: drrobandarban83@gmail.com


উপজেলা নির্বাহী অফিসার,  
লামা উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২৩.২৩. ১২৪

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯  
০২ মার্চ ২০২৩

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক(কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। পি এস টু মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আ. গণি রোড, ঢাকা।
- ০৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান, লামা উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৭। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৮। সহকারী কমিশনার (গোপনীয়), বান্দরবান পার্বত্য জেলা (জেলাপ্রশাসক মহোদয় এর সদয় অবগতির জন্য)
- ০৯। সহকারী কমিশনার, আইসিটি, জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান পার্বত্য জেলা- তাঁকে উপ-বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ছাড়করার জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা হিসাবরক্ষণ অফিসার বরাবরে অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারী করতে অনুরোধ করা হলো।
- ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লামা উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
জেলাপ্রশাসকের পক্ষে  
বান্দরবান পার্বত্য জেলা।  
ant